যুগান্তর

তারিখ 09 OCT 2017 পৃষ্ঠা ১৮ কলাম ৪

যুগান্তরে সংবাদ প্রকাশ

# পাবিপ্রবিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া স্থগিত

**রাবি প্রতিনিধি**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে দুটি পদে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ উঠায় সমালোচনার মুখে তা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রোববার বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত রেজিস্ট্রার দফতর থেকে পরীক্ষা স্থগিতের নোটিশ দেয়া হয়। 'পরবর্তীতে এ বিষয়ে নিয়োগ সংশ্লিষ্টদের অবগত করা হবে' বলে নোটিশে উল্লেখ করা হয়। আজ ওই নিয়োগের লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

জানা যায়, নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত ভেঙে পাবিপ্রবির ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে, ইসলামের ইতিহাসে অনার্স ও মাস্টার্স পাস করা প্রার্থীদের সুযোগ দেয়া হয়। অভিযোগ উঠে, প্রশাসনের শীর্ষ একজন কর্তাব্যক্তির পছন্দের প্রার্থীকে নিয়োগ দিতে বিভাগের প্লানিং কমিটি ও বিশ্ববিদ্যালয় প্রশাসন অনিয়মের আশ্রয় নিয়েছে। এ বিষয়ে শনিবার দৈনিক যুগান্তরের শেষ পাতায় 'পাবিপ্রবিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম' শিরোনামে সংবাদ প্রকাশ হয়। ওই সংবাদে নিয়োগ প্রক্রিয়ায় মারাত্মক ত্রুটির বিষয়টি উঠে আসে। এতে কর্তৃপক্ষের টনক নড়ে এবং সমালোচনার মুখে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জানতে চাইলে বিভাগের সভাপতি অধ্যাপক ড. হাবিবুল্লাহ নিয়োগ প্রক্রিয়া স্থগিতের বিষয়টি স্বীকার করেন। তবে এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি।